দৈনিক ইত্তেফাক

তারিখ .. 03 NOV 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

# 'প্রশ্ন-ব্যাংকে'র বাহিরে কোন প্রশ্ন থাকিবে না

মাধ্যমিক পরীক্ষার নৈর্ব্যক্তিক প্রশ্নমালা সম্পর্কে শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত সার্কুলারের প্রেক্ষিতে মাধ্যমিক বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থীদের মধ্যে যে অসন্তোষের ভাব পরিলক্ষিত হইতেছে, উহার প্রতি সরকারের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে। সমস্ত দিক বিচার-বিশ্লেষণ করিয়া সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, ১৯৯৩ সনে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার জন্য বিভিন্ন বিষয়ে ৫০০ নৈর্ব্যক্তিক প্রশ্নের যে ব্যাংক রহিয়াছে, উহার মধ্য হইতেই নৈর্ব্যক্তিক প্রশ্ন প্রণয়ন করা হইবে। নৈর্ব্যক্তিক প্রশ্ন-ব্যাংকের বাহিরে পরীক্ষায় কোন প্রশ্ন থাকিবে না। সরকার আশা করেন যে, এই সিদ্ধান্তের ফলে পরীক্ষার্থীদের মধ্যে সৃষ্ট সকল উদ্বেগের অবসান হইবে এবং পরীক্ষার্থিগণ অধ্যয়নের প্রতি মনোনিবেশ করিবে। -তথ্য বিবরণী